আজকের কাগজ

তারিখ 02 AUG 1995
পৃষ্ঠা ৪ কলাম ৪

45

## প্রাথমিক শিক্ষা কর্তৃপক্ষ সমীপে

পাবনা জেলার সুজানগর থানার অন্তর্গত ১৫নং ভুরকুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টি বিভিন্ন সমস্যায় জর্জরিত। বিদ্যালয়টিতে প্রায় পাঁচ থেকে ছয় শত ছাত্র-ছাত্রী অধ্যয়ন করছে। উল্লিখিত সংখ্যক ছাত্র-ছাত্রী অধ্যয়নের জন্যে প্রায় ৭/৮ জন শিক্ষকের প্রয়োজন। কিন্তু বিদ্যালয়টিতে আছে মাত্র তিনজন শিক্ষক। এই স্বল্প সংখ্যক শিক্ষক থাকার কারণে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া দারুণভাবে বিঘ্নিত হচ্ছে। ফলে অনেক ছাত্র-ছাত্রী পরীক্ষায় তেমন সফলতা অর্জন করতে পারছে না। অন্যদিকে অভিভাবকগণ ভীষণ উৎকণ্ঠার মধ্যে দিন কাটাচ্ছে। এছাড়াও বিদ্যালয়ে যাতায়াতের জন্যে বিদ্যালয়ের পাশ দিয়ে একটি সরু রাস্তা থাকলেও সংস্কারের অভাবে রাস্তাটি চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। ফলে ছাত্র-ছাত্রীদের স্কুলে আসা যাওয়ায় ভীষণভাবে অসুবিধা দেখা দিয়েছে। বর্ষা মৌসুমে এ ভোগান্তির সীমা থাকে না। যেখানে "শিক্ষাই জাতির মেরুদণ্ড"। শিক্ষা ছাড়া কোনো জাতি উন্নতি করতে পারে না। "সবার জন্যে শিক্ষা বাধ্যতামূলক" এই লক্ষ্যকে সামনে রেখে ভুরকুলিয়া প্রাথমিক বিদ্যালয়ে প্রয়োজনীয় শিক্ষক দেয়ার জন্যে এবং রাস্তাটি নির্মাণের জন্যে যথাযথ উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন জানাচ্ছি।

মোঃ সামসুল আলম
ভুরকুলিয়া, আহাম্মদপুর,
সুজানগর, পাবনা।